

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-২৩/২০২৬ এসসি (এডি)

তারিখ: ০৮ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
২১ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ভার্চুয়াল কোর্ট (Virtual Court) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় জ্বালানী, বিদ্যুৎ সাশ্রয় নিশ্চিত করার লক্ষ্যে আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ (২০২০ সনের ১১ নং আইন) এবং সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত প্রাকটিস ডাইরেকশন অনুসরণ করতঃ তথ্য প্রযুক্তি ব্যবহার করে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে ভার্চুয়াল কোর্ট (Virtual Court) পদ্ধতিতে পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। প্রতি সপ্তাহে ০২ (দুই) দিন অর্থাৎ বুধবার ও বৃহস্পতিবার নির্ধারিত সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ০১ নং কোর্টে ভার্চুয়াল কোর্ট (Virtual Court) পদ্ধতিতে Cause List অনুযায়ী আদালত কার্যক্রম পরিচালিত হবে এবং সপ্তাহের অন্যান্য কার্যদিবসে শারীরিক উপস্থিতিতে আদালত কার্যক্রম পরিচালিত হবে।


০৩। এছাড়া বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের চেম্বার কোর্ট-১ ও চেম্বার কোর্ট-২ নির্ধারিত তারিখ ও সময়ে ভার্চুয়াল কোর্ট (Virtual Court) পদ্ধতিতে পরিচালিত হবে।

০৪। এমতাবস্থায়, মামলা পরিচালনার সাথে সম্পৃক্ত বিজ্ঞ আইনজীবীগণকে যথাযথ পোশাক পরিধানপূর্বক সঠিক নাম ও পেশাগত পদবী এন্ট্রিকরতঃ যথাসময়ে জুম আইডিতে প্রবেশ করার জন্য অনুরোধ করা হলো।

আদালতের নাম	জুম আইডি নম্বর
আপীল বিভাগের ০১ নং কোর্ট	365 987 2441
চেম্বার কোর্ট-১	601 549 6612
চেম্বার কোর্ট-২	861 684 3409

০৫। এই নির্দেশনা আগামী ২২/০৪/২০২৬ খ্রি. তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে


(আশিকুল খবির) ২৩/০৪/২৬
রেজিস্ট্রার

স্মারক নং-৩৮৯ (১-২২)/২০২৬ এসসি (এডি)

তারিখঃ ২১ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
- ০২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০৪। রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ০৫। সলিসিটর, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। অতিরিক্ত রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, ঢাকা..... (সকল)।
- ০৭। প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ০৮। সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এ্যাসোসিয়েশন, ঢাকা।
- ০৯। ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা..... (সকল)।
- ১০। সকল এডভোকেট-অন-রেকর্ড।
- ১১। গবেষণা ও তথ্য অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ১২। সহকারী রেজিস্ট্রার, প্রশাসন/বিচার/প্রিন্টিং, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ১৩। প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

- ১৪। প্রোগ্রামার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (বিজ্ঞপ্তিটি সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের নিমিত্ত)।
- ১৫। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংবাদ হিসেবে প্রচারের অনুরোধ সহকারে)।
- ১৬। সুপারিনটেনডেন্ট, প্রশাসন/বিচার/প্রিন্টিং, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
(সুপারিনটেনডেন্ট, প্রশাসনকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)
- ১৭। বেষ্ট রীডার/অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সকল)।
- ১৮। গণসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ১৯। ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা..... (সকল)।
- ২০। ব্যক্তিগত কর্মকর্তা টু রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ২১। পেপার বুক এডিটর (ইনচার্জ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ২২। অফিস কপি।

২১.০৫.২০২৬

(হাসান মোঃ আরিফুর রহমান)
অতিরিক্ত রেজিস্ট্রার